

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৬০

১/ বিবিধ

আরবী

التسويق شعاع الشيطان يلقيه في قلوب المؤمنين  
موضوع

أخرجه ابن عدي (11/2) والديلمي في "مسند الفردوس" (2/1/50) من طريق  
إسماعيل بن يحيى: حدثنا مسعر عن حميد بن سعد عن أبي سلمة عن أبيه رفعه،  
وقال: "إسماعيل يحدث عن الثقات بالبواطيل  
قلت: وفيه علتان أخريان  
إحدهما: الانقطاع بين أبي سلمة وأبيه عبد الرحمن بن عوف فإنه لم يسمع منه  
والأخرى: حميد بن سعد لم أعرفه، وبه أعله المناوي وقد عزاه أصله للديلمي  
فقط، فقال  
"قال الذهبي في "الضعفاء": مجهول  
قلت: الذي في "الضعفاء" و"الميزان" و"اللسان" حميد بن سعيد، وهذا  
ابن سعد  
(تنبيه): وقع في "الجامع الصغير": "شعار" والصواب ما أثبتنا، وهو نص  
الديلمي كما ذكر المناوي وكذلك هو في "الجامع الكبير  
ومن أكاذيب ذاك التيمي  
"قريش على مقدمة الناس يوم القيامة، ولولا أن تبطر قريش لأخبرتها بما

## لمحسنها عند الله من الثواب

বাংলা

১৩৬০। (টোলমাটাল করে) শীঘ্রই করব এরূপ বলা হচ্ছে শয়তানের আলো (নীতি) সে তা মু'মিনদের হৃদয়ে নিক্ষেপ করে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে ইবনু আদী "আলকামেল" গ্রন্থে (২/১১) দায়লামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে (২/১/৫০) ইসমাইল ইবনু ইয়াহইয়া সূত্রে মিসায়ার হতে, তিনি হুমায়েদ ইবনু সা'দ হতে, তিনি আবু সালামাহ হতে, তিনি তার পিতা হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ ইসমাইল নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাতিল হাদীস বর্ণনা করেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদের মধ্যে দুটি সমস্যা রয়েছেঃ

১। আবু সালামাহ আর আব্দুর রহমান ইবনু আউফের মাঝে সনদে বিচ্ছিন্নতা, কারণ তিনি তার পিতা হতে শ্রবণ করেননি।

২। হুমায়েদ ইবনু সাদকে আমি চিনি না। মানবী তার দ্বারাতেই হাদীসটির সনদের সমস্যা বর্ণনা করেছেন। তিনি বলেনঃ হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তিনি মাজহুল।

আমি (আলবানী) বলছিঃ "আয-যুয়াফা", "আল-মীযান" ও "আল-লিসান" গ্রন্থে যার কথা উল্লেখ করা হয়েছে তিনি হচ্ছেন হুমায়েদ ইবনু সাঈদ, ইবনু সা'দ নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72239>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন